যুগান্তর

তারিখ 16 OCT 2017
পৃষ্ঠা ... কলাম ...

# মোবাইল ফোন নিয়ে শিক্ষক-শিক্ষার্থীর শ্রেণীকক্ষে প্রবেশে নিষেধাজ্ঞা

**যুগান্তর রিপোর্ট**

এখন থেকে শিক্ষক-শিক্ষার্থীরা স্কুল-কলেজ-মাদ্রাসার শ্রেণীকক্ষে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করতে পারবেন না। রোববার এ নিষেধাজ্ঞা দিয়ে আদেশ জারি করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি)। এটি মাউশির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

সংস্থাটির মহাপরিচালক অধ্যাপক ড. এসএম ওয়াহিদুজ্জামান স্বাক্ষরিত ওই আদেশে এতে বলা হয়েছে, 'সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের কিছু শিক্ষক-শিক্ষার্থী মোবাইল ফোন নিয়ে শ্রেণীকক্ষে প্রবেশ করছেন বা শ্রেণীকক্ষে মোবাইল ফোনে কথা বলছেন। এতে শ্রেণীকক্ষে শিখন-শেখানো কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং শিক্ষার্থীরা শ্রেণীর কার্যক্রমে মনোযোগী হতে পারছে না। এটা অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত। এমতাবস্থায় শ্রেণীকক্ষে কার্যকরী পাঠদান ও শিখন-শেখানো কার্যক্রম শিক্ষার্থীবান্ধব ও গতিশীল করতে শ্রেণীকক্ষে মোবাইল ফোন নিয়ে প্রবেশ না করতে শিক্ষক-শিক্ষার্থীদের নির্দেশ দেয়া যাচ্ছে। শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান থেকে শুরু করে মাঠ প্রশাসনের তিন স্তরের কর্মকর্তাদেরই এ আদেশ বাস্তবায়ন করতে বলা হয়েছে। এর আগে প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িত সন্দেহে শিক্ষকদের ওপর পাবলিক পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন নিয়ে প্রবেশে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

প্রাপ্তি নং
স্বাক্ষর